

স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট

রমাদান কার্যক্রম - ১৪৪৩

গ্রুপ "মাগরিব"

(৬ষ্ঠ - ৮ম শ্রেণি)



নাম :

শ্রেণি:

শিফট:

অভিভাবকের স্বাক্ষর:

দিকনির্দেশনা

- শিক্ষার্থীরা নির্ধারিত ক্লাস অনুযায়ী এ্যাসাইনমেন্ট-এর পিডিএফ ফাইলটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে পারেন অথবা স্কুল থেকে প্রিন্টেড কপি সংগ্রহ করতে পারেন, ইন-শা-আল্লাহ।
- ৬ষ্ঠ- ৮ম শ্রেণির শিক্ষার্থীরা নির্ধারিত এ্যাসাইনমেন্ট-এর প্রিন্টেড কপির মধ্যেই লিখবেন। প্রয়োজনে আলাদা পৃষ্ঠা সংযুক্ত করা যাবে।
- **শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে বাবা-মা / অভিভাবক পরোক্ষভাবে সহযোগিতা করতে পারবেন। যেমন, কোনো বিষয় সম্পর্কে শিক্ষার্থীদের সঠিক জ্ঞান না থাকলে তাদেরকে বিষয়টি সম্পর্কে আল-কুরআন, নির্ভরযোগ্য তাফসির বা কিতাব অথবা সহীহ হাদিস থেকে শিখিয়ে দেওয়া যাবে, যাতে করে শিক্ষার্থী নিজেরাই উত্তরটি লিখতে পারেন। তবে সরাসরি উত্তর বলে দেওয়া থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে সকলকে বিনীত অনুরোধ করছি। এ্যাসাইনমেন্ট তৈরিতে যেকোনো ধরনের অসদুপায় অবলম্বন করা বা অসুস্থ প্রতিযোগিতামূলক মানসিকতা সম্পূর্ণভাবে পরিহার করতে হবে। এর মূল উদ্দেশ্য হতে হবে জ্ঞান অর্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন, ইন-শা-আল্লাহ।**
- এ্যাসাইনমেন্ট-এর হার্ড কপি আগামী ১২ মে ২০২২-এর মধ্যে স্কুলে সাবমিট করবেন ইন-শা-আল্লাহ।

প্রথম সপ্তাহ

সূরা আল-হুজুরাতের ১২ নং আয়াতে পারস্পরিক হক ও সামাজিক রীতি-নীতি ব্যক্ত করা হয়েছে। এতে তিনটি বিষয় হারাম করা হয়েছে। আমাদের প্রত্যেকের উচিত এই হারাম কাজগুলো থেকে বেঁচে থাকার চেষ্টা করা।

১) যে তিনটি বিষয় হারাম করা হয়েছে সেগুলোর নাম লিখুন।

২) এই হারাম কাজগুলো থেকে বেঁচে থাকার প্রয়োজনীয়তা লিখুন।

২য় সপ্তাহ

সূরা আল-আসর কুরআন মাজীদের একটি সংক্ষিপ্ত সূরা, কিন্তু এমন অর্থপূর্ণ সূরা যে, ইমাম শাফেয়ী রাহিমাহুল্লাহ-এর ভাষায় মানুষ এ সূরাটিকেই চিন্তা ভাবনা সহকারে পাঠ করলে তাদের দুনিয়া ও আখিরাত সংশোধনের জন্যে যথেষ্ট হয়ে যায়।

এ সূরায় উল্লেখ করা হয়েছে যে, মানুষ বড়ই ক্ষতির মধ্যে রয়েছে। এ ক্ষতি থেকে উত্তরণের পথও সূরাটিতে বলে দেয়া হয়েছে।

এ সূরার দৃষ্টিতে যে চারটি গুণাবলীর মাধ্যমে মানুষ ক্ষতিমুক্ত অবস্থায় থাকতে পারে সেগুলো ব্যাখ্যা করুন।

তৃতীয় সপ্তাহ

আল্লাহর পাঠানো শিক্ষা এবং আল্লাহর রাসূলের দাওয়াত যারা গ্রহণ করে তারা বুদ্ধিভ্রষ্ট হয় না বরং তারা হয় বিবেকবান, সতর্ক ও বিচক্ষণ ব্যক্তি।

সূরা আর-রা'দ এর ২০, ২১ ও ২২নং আয়াতের আলোকে এরকম আনুগত্যশীল ও বিচক্ষণ ব্যক্তিদের নয়টি গুণের কথা বর্ণনা করুন।

চতুর্থ সপ্তাহ

সূরা বনী-ইসরাঈলের আরেকটি নাম সূরা আল-ইসরা। কারণ সূরার প্রথমেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইসরা সংক্রান্ত বর্ণনা রয়েছে। তাছাড়া এতে বনী-ইসরাঈলদের উত্থান-পতনের ঘটনা বর্ণিত হয়েছে।

১) এ সূরাটির কিছু বৈশিষ্ট্য লিখুন।

২) "আকওয়াম" বলতে কী বুঝায়? সূরা বনী-ইসরাঈলের ৯ নং আয়াতের আলোকে ব্যাখ্যা করুন।

৩) কুরআন যে "আকওয়াম" - এর পথ নির্দেশ করে তার কিছু উদাহরণ লিখুন।